Bengali General Elective Syllabus, 2019.
Semester - IV
CC4 (DSC1D) : CODE: BNGGCOR04T.

UNIT - IV

লীলা মজুমদার : পদিপিসীর বর্মিবাক্স

১। রচনাধর্মী প্রশ্ন-উত্তর :—

(ক) পদিপিসীর বর্মিবাক্স শেষপর্যন্ত কে কিভাবে উদ্ধার করেছিল — তা আলোচনা কর (১০).

(খ) 'পদিপিসীর বর্মিবাক্স' গল্পে হাস্যরস কতটা চমকপ্রদ — তা আলোচনা কর। (১০)

উপরোক্ত প্রশ্ন দুটো শ্রেণীকক্ষে আলোচনা করা এবং উত্তর লেখানো হয়ে গেছে।

২। সংক্ষিপ্ত প্রশ্ন-উত্তর :—

(ক) 'বুকে আমার সিংহের মত সাহস' —
কার উক্তি? কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? এইরকম উক্তির কারণ কি?

লীলা মজুমদার রচিত 'পদিপিসীর বর্মিবাক্স' গল্পে পাঁচুমামা উদ্ধৃত উক্তিটি বলেছেন।

ছোটোবেলায় ভুল করে বাদশাহী জোলাপ খাওয়ার ফলে পাঁচুমামার শরীরটা একদম শুকিয়ে পাটকাঠির মতো হয়ে গেছে। তবে বুকের ভেতর সিংহের মতো অদম্য সাহস সঞ্চিত আছে।

পদিপিসীর হারিয়ে যাওয়া বর্মিবাক্স খোঁজার জন্য পাঁচুমামা ও তৎপর হয়েছে। একশো বছর আগে হারিয়ে যাওয়া বাক্স উদ্ধারের কাজে যে এগিয়ে আসে, সে সিংহের মতোই সাহসী হয়।

Scanned with CamScanner

ঘ) 'ওমা, এ যে আলাদিনের ভাঁড়ার ঘর'— কে কাকে এ কথা বলেছেন? কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?

লীলা মজুমদার রচিত 'পদিপিসীর বর্মিবাক্স' গল্পে পদিপিসী ডাকাত সর্দার নিমাই খুড়োকে এ কথা বলেছেন।

এক অমাবস্যার দিন বালাপোষ গায়ে দিয়ে রুক্মাকান্তকে সঙ্গে নিয়ে গোরুর গাড়ি চেপে পদিপিসী বর্মিবাক্স নিয়ে বাঁশবনের ভেতর দিয়ে নিমাইখুড়োর বাড়িতে যাচ্ছিলেন। পথে তিনি ডাকাতের খপ্পরে পড়েন। পরে তিনি জানতে পারেন নিমাইখুড়োই হলেন ডাকাত দলের সর্দার। পাছে পদিপিসী এই কথাটা পাঁচকান না করেন সেজন্য নিমাইখুড়ো পদিপিসীর মুখ বন্ধ করার জন্য উৎকোচ দিতে চান। উৎকোচ-সামগ্রীতে পদিপিসীর মন না ভরলে নিমাইখুড়ো তার লোহার সিন্দুক খুলে দিয়ে পদিপিসীকে তার ইচ্ছামতো ধন-দৌলত তুলে নিতে বলেন। সেই সময় পদিপিসী উদ্ধৃত উক্তি বলেছেন।

ঙ) 'আমি নিশ্চয় বন্ধ করে বলতাম, তাতে কি হলো?'— এখানে আমি কে? কাকে, কোন প্রসঙ্গে এ কথা কে বলেছিল?

এখানে 'আমি' হল লীলা মজুমদার রচিত 'পদিপিসীর বর্মিবাক্স' গল্পের কথক।

সে তার দিদিমাকে আলোচ্য কথাটি বলেছিল।

এখানে কথকের দিদিমা কথকের কাছে পদিপিসীর শারীরিক বর্ণনা ও সাহসিকতা প্রসঙ্গ করছিলেন। সেই কথার সূত্র ধরে উঠে এসেছিল নিমাইখুড়োর বাড়িতে বেড়াতে যাবার কথা। ফিরে আসার পর সারা বাড়ি জুড়ে হুলুস্থুল — পদিপিসীর বর্মিবাক্স হারিয়ে গেছে। সবাই মিলে প্রায় দেড়বছর ধরে ওই বাক্স খুঁজেছিল, কিন্তু কোথাও সেই বাক্স খুঁজে পাওয়া যায়নি। এই পর্যন্ত শুনে কথক জানতে চেয়েছিল — বাক্সে কি ছিল? তার উত্তরে দিদিমা বলেছিল 'মসলা টসলা হবে' বোধহয়।

Scanned with CamScanner